



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/১৮৮

তারিখ : ১৫/০২/২০২১

প্রেস বিজ্ঞপ্তি



আজ ১৫ফেব্রুয়ারি, ২০২১, সোমবার, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম ঢাকা ওয়াসার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট পরিদর্শনে আসেন। এ সময় স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলাল উদ্দীন আহমেদ ও অতিরিক্ত সচিব জনাব মুহাম্মদ ইব্রাহীম উপস্থিত ছিলেন। মাননীয় মন্ত্রী প্ল্যান্টের বিভিন্ন সেক্টরগুলি ঘুরে ঘুরে দেখেন এবং অত্যাধুনিক প্রযুক্তির SCADA (System Control and Data Acquisition) পদ্ধতিতে পানি বিতরণ ব্যবস্থা প্রত্যক্ষ করেন। প্ল্যান্টটির পানি সরবরাহ ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তির সংযোজনে মন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শন শেষে মাননীয় মন্ত্রী মহোদয় আগত সাংবাদিকগণের সঙ্গে প্ল্যান্ট পরিদর্শনের আলোকে মত বিনিময় করেন।

এছাড়া আধুনিক প্রযুক্তির এই ওয়েলফিল্ড প্ল্যান্ট হতে কিভাবে ঢাকা শহরে, বিশেষতঃ বৃহত্তর মিরপুরবাসী পানি পাচ্ছেন তা কন্ট্রোল রুম হতে সরাসরি প্রত্যক্ষ করেন।

পরিশেষে, ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান আগত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং প্ল্যান্টের পানি সরবরাহ ব্যবস্থা সন্মুখে বিস্তারিত বর্ণনা দেন।


১৫/০২/২০২১

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।